সকল প্রকার অস্বাভাবিকতার প্রতি লক্ষ্য করা হইতেছে। সকল স্থলেই পারম্যাঙ্গেনেট অফ পটাশ দ্বারা চিকিৎসা করিয়া উপকার পাওয়া যাইতেছে। এইটীই সাধারণ। পূর্বে লক্ষণ বিশেষের প্রতি অধিক মনোযোগ প্রয়োগ করা হইত। রোগের যথার্থ বিবরণের প্রতি লক্ষ্য না করিয়া বিস্তৃত রূপে শ্রেণী বিভাগ করা হইত। শ্রাবের প্রতি বিশেষ লক্ষ্য করিয়া চিকিৎসা করা হইত কিন্তু পূর্বে যে সমস্ত চিকিৎসা বিবরণ উদ্ধৃত করা হইয়াছে, তাহাতে দেখা যাইতেছে যে, তাহার কোনটীর বা শ্রাব এক কালীন বন্ধ হইয়াছিল। আবার কোনটীর বা স্বাভাবিক অপেক্ষা দ্বিগুণ পরিমাণ শ্রাব হইত। অপর একটির শ্রাবের পরিমাণের বিশেষ পরিবর্তন ছিল না কিন্তু তাহার প্রকৃতি গত বিশেষ বিকৃতি হইয়াছিল—চারি বৎসর কাল কৃষ্ণবর্ণ বিশিষ্ট, সংযত শোণিত চাপ সংমিশ্রিত শ্রাব হইত। অথচ পারম্যাঙ্গেনেট দ্বারা চিকিৎসা করায় এত বিভিন্ন প্রকার অস্বাভাবিকতা পরিবর্তিত হইয়া সকলেরই স্বাভাবিক অবস্থায় পরিণত হইয়াছে। তজ্জন সিদ্ধান্তের প্রতি লক্ষ্য না করিয়া প্রকৃত অবস্থা কি, তাহার উপবেই লক্ষ্য করা হইয়াছে। পারম্যাঙ্গেনেট প্রয়োগ করায় যে স্থানে শ্রাব বন্ধ হইয়াছিল সে স্থানে শ্রাব নির্গত হইয়াছে। যে স্থানে অত্যধিক ছিল, যে স্থানে অল্প হইয়াছে।

শিরঃপীড়া একটী বিশেষ লক্ষ্য করার বিষয়। ইহা আর্ন্তব্রাসাবণ সংশ্লিষ্ট। ইহা সাধারণতঃ আর্ন্তব্রাসাবণ সময়ে উপস্থিত হইয়াছে, কোন স্থানে কখনো উপস্থিত হয় নাই।

স্রাবের মধ্যবর্তী সময়ে বৃদ্ধি হওয়ার প্রব-
ণতাও বর্তমান থাকিতে দেখা যায়। সপ্তাহে
একবার কি ছুইবার শিরঃপীড়া হইলে তখন
তৎসঙ্গে বে আর্ন্তব স্রাবের কোন সন্দেহ থাকে
তাহা বিবেচনা না করিলেও হইতে পারে
কিন্তু যখন সেই শিরঃপীড়া প্রথমে আর্ন্তব
স্রাবের সময়েই আরম্ভ হয় ও ক্রমে ক্রমে
তাহা বৃদ্ধি পাইতে থাকে, এক প্রকৃতিতে
চলিতে থাকে এবং পারম্যাঙ্গেনেট পটাশ
সেবন করাইলে সম্ভবে নিশ্চিত রূপে আরোগ্য
হয় তখন তৎসহ যে আর্ন্তব স্রাব সংশ্লিষ্ট
শোণিত পরিবর্তনের ফলে তাহা হয়, তাহার
কোন সন্দেহ থাকে না। তবে কোন কোন
স্থলে শিরঃপীড়া স্থায়ী হয়, কি জন্ম ঐরূপ হয়
তাহা এখনও স্থির হয় নাই। প্রত্যেক চতুর্থ
আর্ন্তব স্রাবের সময়ে কেন যন্ত্রণা বৃদ্ধি হয়
তাহাও বুঝিতে পারা যায় না। এতদ্ব্যতীত চতুর্থ
সপ্তাহ ব্যতীত আরও একটা যে দীর্ঘ আর্ন্তব
স্রাব চক্র আছে, তাহা বোধ হয়।

নিম্নে অপর একটি শিরঃপীড়া, বাধক
বেদনা, এবং শিরঃক্ষীতগ্রস্তাবিশেষ
প্রকৃতির রোগিণীর বিবরণ উদ্ধৃত করা
হইল।

কে. এইচ, বয়স ১৯ বৎসর। পল্লীগ্রামে
বাস। সাত বৎসর সহরে আসিয়া
পরিচারিকার কার্যা করিতেছে। ছুটপুট
হুহু শব্দ, বর্ণ বেশ পরিষ্কার। কখন গুরুতর
পীড়া হয় নাই। ছয় মাস কাল শরীর ভার
বোধ, কর্মে নিরুৎসাহ বোধ করিত। প্রত্যাহই
এক বিশেষ প্রকৃতির শিরঃপীড়া দ্বারা
আক্রান্ত হইত—অনুপূর্ণের মধ্যস্থলে যেন
সিরিষ হইয়া থাকিত, এইরূপ বোধ করিত।

চক্ষু কম কম করিত, মুখমণ্ডল উজ্জ্বল ও
উষ্ণ বোধ কাবত। উপরে উঠিতে শিরঃ-
পীড়া বৃদ্ধি হইত কিন্তু শয়ন করিয়া থাকিলে
উপশ বোধ করিত। আর্ন্তব স্রাব সময়ে
এই বেদনা একেবারেই থাকিত না।

উল্লিখিত বিবরণ প্রাণধান করিলে পুরাতন
নিয়মে বক্তাবস্থা বিবেচনা করিয়া বিবেচক
ব্যবস্থা করিতে হয়। পূর্বে যে সমস্ত বোণি-
ণীব বিবরণ উল্লিখিত হইয়াছে তদ্ব্যতীত ইহা
শোণিতের বিকৃতি জন্ম যেক্রপ ধাতু প্রকৃতি
হইতে উদ্ভূত হয় ইহা তাহাই। কিন্তু হৃৎপের
বিষয় এই যে ইহাতে তদ্রূপ কোন ইতিবৃত্ত
নাই।

স্বাত্ত্ব।—১৪ বৎসর বয়সের সময়
প্রথম আর্ন্তবস্রাব আবস্থ হয়; প্রথম বৎসর
নিরমিত ভাবে স্রাব হইত না; কিন্তু তৎপর
হইতে নিয়মিত ভাবে চারি সপ্তাহ পর পর
তিন দিবস কাল স্বাভাবিক পরিমাণে স্রাব
হইত। শেষের দুই বৎসর ব্যতীত বেদনা
হয় নাই। তৎপর ক্রমেই যন্ত্রণার বৃদ্ধি হইয়া
শেষে এত যন্ত্রণা হইতে আরম্ভ হয় যে, তদ্রূপ
কার্যে অশক্তি হইয়াছে। শেষবারের আর্ন্তব
স্রাবের সময়ে শয্যা গ্রহণ করিতে হইয়াছে।
আর্ন্তবস্রাবের সঙ্গে সঙ্গেই বেদনা আরম্ভ
হয়। তাহাব পূর্বে বেদনা হয় না। প্রথম
দিন সমস্ত দিন বেদনা থাকে। বেদনা—
অবিচ্ছেদ্য কিন্তু কখন বিশেষ প্রবল হয় না।
তল পেটের নিম্ন মধ্যাংশে বেদনার স্থান।
পার্শ্বে বেদনা হয় না। সমুদ্রে ঢাপ দিলে
বেদনা বোধ হয়, কিছু বহির্গত হইয়া গেলে
তাহা কমে। প্রথম দিনে ভাল স্রাব হয় না,
স্রাব পরিষ্কার হইলেই বেদনা আরম্ভিত হয়।

বেদনার জন্ত দণ্ডায়মান থাকিতে কষ্ট বোধ হয়। শয়ন করিয়া থাকিলে বেদনা হ্রাস হয়। আবার উঠিলেই বেদনা হয়, উঠান ভাবে শয়ন করিয়া থাকিলে কষ্ট বোধ হয় না। কিন্তু কোন এক পার্শ্বে শয়ন করিলে কষ্ট হয়—বেদনা বোধ হয়। প্রথম দিবস বিবিম্বা এবং পুনঃ পুনঃ বমন হয়। আর্ন্তব-শ্রাব সময়ে কিম্বা উভয় আর্ন্তবশ্রাবের মধ্যবর্তী সময়ে আবার কোষ্ঠ থাকে না। প্রায় এক বৎসর যাবৎ লক্ষ্য কবিয়া আসিতেছে যে, বামপদেব জাহ্নু সন্ধিব অভ্যন্তর পাশ্বে উল্কাংশেব শিবা ক্ষীত হইয়াছে। আর্ন্তবশ্রাবের প্রাথম দিবস ঐ শিরা অপেক্ষা কৃত ক্ষীত এবং বেদনা যুক্ত হয়। কখন কখন দ্বিতীয় দিবসও ঐরূপ থাকে। তৎপর তাহার যন্ত্রণা উপশম হয়। এবং তত ক্ষীততাও থাকে না।

১৬ই নবেম্বর তারিখ হইতে পারমাঞ্চে-নেট অফ পট্যাশ পিল সেবন করিতে আৰম্ভ করে, তৎপর হইতে ক্রমে ভাল বোধ কবিত্তে থাকে। শিরঃপীড়া হ্রাস হয়। এক সপ্তাহ পর আর শিরঃপীড়া হয় নাই। পিল বন্ধ করিলে মধ্যে মধ্যে শিরঃপীড়া হওয়ার উপক্রম হইত।

৪ঠা ডিসেম্বর তারিখে আর্ন্তবশ্রাব আরম্ভ হয়। এইবারে শিরঃপীড়া, বমন বা বিবিম্বা হয় নাই। পূর্বে বেদনার স্থানে সঞ্চাপে বেদনা বোধ করিত কিন্তু তাহা পূর্বের স্থায় প্রবল নহে। ক্ষীত শিরার কোন যন্ত্রণা হয় নাই। পূর্বাপেক্ষা ভাল বোধ করিয়াছে। তত্ত আলস্য নাই।

৬ঠা জানুয়ারী। আর্ন্তবশ্রাব হইয়াছে। প্রথম আর্ন্তবশ্রাবের পূর্বে দিবস এবং সেই

দিবস বিবিম্বা হইয়াছিল। শ্রাবের পরিমাণ স্রাবাত্মক অপেক্ষা অল্প, বেদনা ইত্যাদি অথবা কোন উপসর্গ উপস্থিত হয় নাই। বটিকা নিয়মিত ভাবে সেবন করিয়াছে।

এই আর্ন্তবশ্রাবের পরেই রোগিণী বটিকা সেবন বন্ধ করিয়া দিয়া পুনর্বার আর্ন্তবশ্রাব আরম্ভ হওয়ার এক সপ্তাহ পূর্বে পুনর্বার বটিকা সেবন আরম্ভ করিয়াছিল। এবার ২রা ফেব্রুয়ারী তারিখে আর্ন্তবশ্রাব আরম্ভ হয়। শ্রাবের পরিমাণ অধিক। প্রথম দিবস বিবিম্বা বাতাত অথবা কোন মন্দ লক্ষণ উপস্থিত হয় নাই। শিরা সামান্য ক্ষীত হইয়াছিল কিন্তু বেদনাযুক্ত হয় নাই। আর্ন্তবশ্রাব শেষ হইলে এক সপ্তাহ প্রত্যহ অপরাহ্নে কার্যান্তে অবসন্ন হইলে শিরঃপীড়া হইত কিন্তু এক ঘণ্টা মাত্র স্থায়ী হইত। তৎপর প্রত্যহ নিয়মিতরূপে বটিকা সেবনের উপদেশ দেওয়া হয়। ৬ই মার্চ তারিখে পুনর্বার আর্ন্তব-শ্রাব আরম্ভ হয়। বিগত দুই বৎসরের মধ্যে এই বাব আর্ন্তবশ্রাব সময়ে কোন অসুখ বোধ করে নাই। শিরঃপীড়া, বিবিম্বা, শিরা-ক্ষীতি, বেদনা ইত্যাদি কোন কষ্ট হয় নাই। ইহার পূর্বে অনেক দিবস বটিকা সেবন করিয়াছে, এবং সম্পূর্ণ ভাল আছে।

এ স্থলে আর একটা কথা বলা উচিত। রক্তাভতার জন্ত আর্ন্তবশ্রাবের যন্ত্রণা উপস্থিত হয়। কিন্তু সেই রক্তাভতা দূরীভূত হওয়ার পরও কথক দিবস যন্ত্রণা থাকিতে দেখা যায়।

৬ষ্ঠ। এ বি, ১৮ বৎসর বয়স্ক পরিচারিক—সন্তান লালনপালন করে। ২২ বৎসর বয়সের সময়ে স্তন্য হইয়া ৩ বৎসর কাল দুগ্ধদায়ী ছিল। তাহার পর হইতে

বর্ণিত সময়ের ছয় মাস পূর্বে পর্যাস্ত তাহার শরীর সম্পূর্ণ সুস্থ ছিল। বর্ণিত সময়ে বক্তারক্তার সূত্রপাত হওয়ায় ব্রডপিল সেবন করিতে আবস্ত করে। এই বটিকা চাবি মাস সেবন কবার পর শোণিতের অবস্থা ভাল হয়, বর্ণ পরিষ্কার এবং শক্তি হয়। এই সময়ে কেবল আর্ন্তবস্ত্রাবের সময়ে এক দিবস শিরঃপীড়া দ্বারা আক্রান্ত হইত।

বয়স একাদশ বৎসর পূর্ণ হওয়াব দুই মাস পূর্বে প্রথম আর্ন্তবস্ত্রাব আরম্ভ হইয়াছিল। প্রতি চাবি সপ্তাহ পব পব আর্ন্তবস্ত্রাব হইত। শোণিতের পরিমাণ অল্প কিন্তু কোন বেদনা ছিল না, বর্ণিত সময়ের ছয় মাস পূর্বে বক্তারক্তা উপস্থিত হইলে বেদনাব সূত্রপাত হয়। এই সময়েও নিয়মিত সময়ে আর্ন্তবস্ত্রাব হইত কিন্তু আসেব পরিমাণ পূর্বাপেক্ষাও অল্প। বেদনাব সঙ্গে সঙ্গে অত্যন্ত হইত। লৌহঘটিত ঔষধ সেবন কবার বর্ণ পরিষ্কার এবং শক্তি বৃদ্ধি হইয়াছিল সত্তা কিন্তু শিরঃপীড়া ও বাধক বেদনাব কোন উপশম হয় নাই।

আর্ন্তবস্ত্রাব আবস্ত হওয়াব কখন এক এবং কখন দুই দিন পূর্বে অত্যন্ত অধৈর্য্য হইয়া পড়িত। শয়নে, উপবেশনে বা অচ্চ কোন রূপে সুখস্বচ্ছন্দতা অনুভব কবিত না। পূর্বেদেশে—স্বল্পদেশ হইতে নিয়াভিমুখে যন্ত্রণা বোধ কবিত। উভয় অণ্ডাশয়ের স্থানে এবং তাহার চতুষ্পার্শ্বে অসহ্য বেদনা বোধ করিত। ঐ বেদনা দিবসের মধ্যে দুই তিনবার অত্যন্ত প্রবল ভাব ধারণ করিত। তৎক্ষণাৎ শয়ন করিয়া বেদনার স্থান হস্ত দ্বারা সঞ্চালিত করিয়া শয়ন করিয়া থাকিতে হইত।

বেদনা কেবল উভয় পার্শ্বে হইত, মধ্যস্থলে বিদ্যা সম্মুখে কখন হইত না। বক্তারক্তা যন্ত্রণাব জ্ঞান নিদ্রা হইত না। আসব আবস্ত হইলেই বেদনা শেষ হইত, কিন্তু অসুস্থতা সমস্ত দিন বর্তমান থাকিত। দ্বিতীয় দিবসে সমস্ত যন্ত্রণার শেষ হইত। শ্বেত প্রদব ছিল না।

চাবি মাস কাল সপ্তাহে দুইবার শিরঃপীড়া উপস্থিত হইত। প্রাতঃকালে শয্যা ত্যাগ করাব পবেই বেদনা আবস্ত হইয়া সমস্ত দিবস হারা হইত। উর্দ্ধ কপালে এবং কপালের দুই পার্শ্বে বেদনা হইত। উপরে উঠিলে কিম্বা মস্তক অবনত কবিলে বেদনার হ্রাস বৃদ্ধি হইত না। বেদনাব সময়ে আলোক অসহ্য বোধ হইত।

তিন সপ্তাহ কাল পাবম্যাঙ্গেনেট অফ পটাশ সেবন কবার পর বোগিণী বলিয়াছিল—এই সময় মধ্যে সে একবার মাত্র শিরঃপীড়া দ্বারা আক্রান্ত হইয়াছে। আর্ন্তবস্ত্রাব আরম্ভ হওয়াব দুই দিবস পূর্বে শিরঃপীড়া হইয়াছিল, ঠেহাব প্রকৃতি পূর্ববৎ কিন্তু যন্ত্রণা অপেক্ষাকৃত মৃদু। বেদনা কিম্বা অস্থিরতা হয় নাই। আসেব পরিমাণও বৃদ্ধি হয় নাই। বটিকা সেবন করার পূর্বে এবং উভয় আর্ন্তবস্ত্রাবের মধ্যবর্তী সময়ে বাম অণ্ডাশয়ের স্থানে এবং বাম স্তনে মধ্যে মনো বেদনা বোধ করিত। তাহা এখন আব হয় না। পূর্বাপেক্ষা সুস্থ বোধ কবিতেছে।

পঞ্চম বোগিণীর বিবরণে এই বিশেষত্ব দেখিতে পাঠি যে, সে শয়ন করিয়া থাকিলে বেদনা উপশম হইত। উত্থান এবং শয়ন অবস্থার স্থানিক শোণিত সঞ্চালের বিভিন্নতার জন্মই এইরূপ হইয়া থাকে। আর্ন্তবস্ত্রাব

সংশ্লিষ্ট বেদনার জ্ঞাত দিবসে কার্যে বত থাকিলে কষ্ট হইত। কিন্তু বজ্রনীতে যতক্ষণ শয়ন করিয়া থাকিত তখন কোন কষ্ট থাকিত না। কিন্তু এক পার্শ্বে শয়ন করিলেই বেদনা উপস্থিত হইত। ইহাও শোণিত সঞ্চালনের বিষয় হওয়ার ফল।

পঞ্চম এবং ষষ্ঠ রোগিণীর বিবরণে এক প্রকার বিশেষ অধৈর্য্যতা বিষয় উল্লিখিত হইয়াছে, অনেক স্থলে ঐরূপ দেখিতে পাওয়া যায়। একই প্রণালীর চিকিৎসা তাহা বন্ধ হইয়াছে কিন্তু পীড়া বিভিন্ন প্রণালী। গ্রন্থকাব বিশেষের মতে বিভিন্ন শ্রেণীর ডিসামনেব্রিয়া—একটা জরায়ুব বেদনা, শ্রাবের সহিত, অবচ্ছেদ—হ্রাসবৃদ্ধি হীন, তলপেটের মধ্য নিম্নাংশে অবস্থিত। উভয় পার্শ্বে না থাকা কাবণে জরায়ুব বাধক বেদনা নামের উপযুক্ত। অপরটাব বেদনা—অগ্নাশয়িক, শ্রাব আবদ্ধ হওয়ার পূর্বে উৎপত্তি, উভয় পার্শ্বে অবস্থিত, মধ্যস্থলে নহে, সন্মুখাংশেও নাই, হ্রাস বৃদ্ধি সমন্বিত, স্তবধা উভয়েব প্রকৃতি স্বতন্ত্র।

তদন্ত একটা জরায়ুব এবং অপরটা অগ্নাশয়ের তাহা স্থির। কিন্তু অপর পক্ষে বোধ হয় উভয়ই একই। কাবণ, উভয় স্থলেই শিরার মধ্যে অধিক শোণিতরোধ জন্মই বেদনার উৎপত্তি। তবে ভিন্ন ভিন্ন শিরার জ্ঞাত বিভিন্ন নাম। কিন্তু চিকিৎসা উভয়ের পক্ষে এক।

অগ্নাশয়িক স্থলে বেদনার হ্রাস বৃদ্ধি সম্বন্ধে একটু বিশেষ জ্ঞাতব্য বিষয় আছে। কারণ ইহা জরায়ু নহে। হ্রাস বৃদ্ধি আক্ষেপ জন্ম হয়। সময়ে সময়ে তাহা শূল বেদনাবৎ হয় কিন্তু ইহা জরায়ুর পৈশিক আক্ষেপ জন্ম নহে।

আর্ন্তবস্ত্রাবের সহিত পদের শিরা ক্ষীণিই বিশেষ জ্ঞাতব্য বিষয়। দ্বিতীয় এবং তৃতীয় রোগিণী সম্বন্ধে ইহা বলা যাইতে পারে যে, দীর্ঘকাল দণ্ডায়মান থাকিয়া কার্য কুরায় রক্তাধিক্য জন্ম বাধক বেদনাব উৎপত্তি হইয়াছে, ইহা যুক্তিসঙ্গত হইতে পারে কিন্তু উভয়েই কার্য বন্ধ না করিয়া আবোগ্য হওয়ার পর সেই কার্য পুনরায় করিতেছে। একজন ছয় মাস, অপর জন দুই বৎসর পূর্বের জায় কার্য করিতেছে, অথচ পূর্ব লক্ষণ আর উপস্থিত হয় নাই।

গ্রন্থকারগণ রক্তাধিক্য শ্রেণীর বাধক বেদনাব উল্লেখ করিয়া থাকেন। আর্ন্তবস্ত্রাব সময়ে স্বাভাবিক নিষমে শোণিতাবেগ হইয়া থাকে। কিন্তু চিকিৎসা বিজ্ঞানের ঐ দুইটা অস্পষ্ট উক্তিব জ্ঞাত কার্যক্ষেত্রে বিশেষ কার্যকাবী হয় না। অভ্যস্তরে কোথায় কি হইতেছে, তাহা স্পষ্ট দেখিতে পাওয়া যায় না। তবে পীড়িত বিধানের যে ধার্মনিক এবং শৈরিক শোণিত সঞ্চালনের স্বাভাবিক সময়ের বিপর্যায় উপস্থিত হয়, তাহা বুঝিতে পারা যায়। ইহা ব্যাপক হইতে পারে। পূর্বোন্নিখিত রোগিণীদিগের বিবরণে দেখা যায় যে, তাহার শরীরে ভার বোধ, আলস্ত, অল্প পরিশ্রমে অবসন্নতা ইত্যাদি অসুভব করিয়াছে। এই সমস্ত লক্ষণ, কাহার কেবল আর্ন্তবস্ত্রাব সময়ে, কাহারও বা অপর সময়েই হইয়াছে। আর্ন্তব শোণিতের পরিমাণ কাহারো অধিক, কাহারো অল্প, আবার কাহারে বা তাহার প্রকৃতি পরিবর্তিত হইয়াছে। আর্ন্তব শ্রাবের দুই এক দিবস পূর্বে স্থানিক লক্ষণ প্রকাশিত হইয়াছে।

ক্রমঃ।

বিবিধ তত্ত্ব ।

সম্পাদকীয় সংগ্রহ ।

নাসিকা এবং কর্ণের পীড়ার সুপ্রারি-
ক্যাল দ্রব সহ ক্লোরোটন ।

(Herron.)

ডাক্তার হেরণ মহাশয় বলেন—যদি উপ-
যুক্ত সময়ে সুপ্রারিগ্যাল দ্রব ও ক্লোরোটন
(Suprarenal liquid and chloretone)
দ্বারা চিকিৎসা করা যায় তবে মধ্য কর্ণের
পুয়োৎপাদক প্রদাহযুক্ত একটা রোগীও
অনারোগ্য থাকিতে পারে না ।

চিকিৎসা প্রণালী—উষ্ণ বোরাসিক পিচ-
কারী দ্বারা কর্ণের মধ্যোংশ উত্তমরূপে পরি-
ষ্কার করতঃ সুপ্রারিগ্যাল দ্রব সহ ক্লোরোটন
দশ বিন্দু কর্ণের মধ্যে দিয়া একটু তুলা দ্বারা
কর্ণ গহবরের মুখ বন্ধ করিয়া প্রীবা বিপবীত
পার্শ্বে এভাবে বন্ধ করিয়া রাখিবে যে, ঔষধ
দ্রব কর্ণ হইতে বহির্গত হইয়া না যাঠিতে
পারে । উক্ত ভাবে দশ মিনিট কাল থাকি-
লেই যথেষ্ট হয় । প্রায় ত্রিশ মিনিটেব মধ্যে
কর্ণের বেদনা অন্তর্হিত হয় । এই প্রণা-
লীতে দশ দিবস চিকিৎসা করিলেই পুয়োৎ-
পত্তি বন্ধ হয় । পীড়া আরোগ্য হয় ।

একজন ৪৫ বৎসর বয়স্ক পুরুষের দক্ষিণ
কর্ণের বাহ্য গহবরে কণ পটাহের ঝিলিকটে
একটা বৃহৎ ক্ষোটক হইয়া তাহা আপনা
হইতে বিদীর্ণ হইয়া যাওয়ার পর অধিক

পুষ্য স্রাব এবং ব্যগ্রতা হইতেছিল । পুরোক্ত
সুপ্রারিগ্যাল ক্লোরোটন দ্রব সহ দুই ড্রামে
তিন প্রেণ কোকেন মিশ্রিত করিয়া তদ্বারা
তুলা সিক্ত কবতঃ কর্ণ গহবরের মধ্যে ক্ষোট-
কেব স্থানে প্রয়োগ করা হইল এবং তিন
ঘণ্টা পর পর এই প্রণালীতে ঔষধ প্রয়োগ
করা পর দিবস প্রাতঃকালে বোগী প্রকাশ
করিয়াছিল—প্রথমবার ঔষধ প্রয়োগের পর
হইতে বেদনা অন্তর্হিত হইয়াছে ।

নাগিকাব মধ্যে অস্ত্রোপচাব কবিত্তে
হইলেও সুপ্রারিগ্যাল লিকুইড প্রয়োগে
বিশেষ সুফল লাভ করা যায় । এই ঔষধ
প্রয়োগ কবিত্তে নাসিকার স্নৈমিক ঝিলি
রক্ত হীন হওয়ায় বিবর্ণ হয় । সেই অংশ
কর্তন করিয়া দুরীভূত করিলেও শোণিত স্রাব
হয় না । ইহা একটা বিশেষ সুবিধা ।

সংক্ষিপ্ত সমালোচন ।

MERK'S INDEX.

Second Edition.

The book contains much up-to-
date information of value for the
practitioner as well as the chemist
& druggist. A cursory examina-
tion will show that the information

is concisely given and is at the same time comprehensive. The doses given have been scrupulously revised ; the etymological notes will doubtless be considered a valuable innovation. The book also gives reliable information *re* solutions for preserving, clearing, fixing, hardening, staining, embed-

ding and mounting microscopical objects as well as indicators, stains, dyes etc. for microscopic work.

This being a German Edition, we eagerly look forward to the early publication of an English Edition, which will no doubt be invaluable to us here in India.

ব্যবস্থাপত্র সংগ্রহ ।

(জীবোগাধিকাবে)

বলকারক ও কোষ্ঠ পরিস্কারক ।

Re

ফেরিসালফ্	3 ii
পটাশ কার্ব	3 ii
এলোজ সল্টাইন	gr xv
একট্রা জেনসিয়ন	q s

একত্র মিশ্রিত করিয়া ৬০ বটিকায বিভক্ত করিয়া এক এক বাবে ২৩ টি সেবন করিবে।
আহারান্তে প্রত্যহ তিন বাব সেবন বিধি ।

বলকারক মিশ্র ।

Re

ট্রিক্লিনি সালফ্	gr i
ফেরি টট কুইনি সাইট্রাস	3 ii
সিরপ অ্যানসিয়াই	3 iv
একোয়া	ad 3 iii

মিশ্রিত করিয়া এক ড্রাম মাত্রায় এক আউন্স জলের সহিত আহারান্তে প্রত্যহ তিনবার সেব্য ।

রজঃ হীনতায় ।

Re

ট্রিক্লিনি সালফ্	gr i
এলোজ সল্টাইন	gr xx
কুহান সালফ্	3 i
ফেরি সালফ্ এক্স	gr 40
অইল সেবাইন	3 i
একট্রা জেনসিয়ন কো	q. s.

একত্র মিশ্রিত করিয়া ৬০ বটিকা ২৩ টি মাত্রায় প্রত্যহ তিনবার সেব্য ।

বাধক বেদনায় ।

Re.

একট্রা কোনিয়াই	gr xx
একট্রা ট্রামোনিয়াই	gr v
একট্রা ওপিয়ারাই	gr v

মিশ্রিত করিয়া ৯৯ বটিকা। প্রত্যহ তিনবার সেব্য ।

শিরঃপীড়া ।

Re.
ফেনাসিটিন ৩ i
কফেইন grxxiv
সোডি ব্রোমাইড্ ৩ ii
মিশ্রিত কবিতা বাব ভাগ কবতঃ এক
এক ভাগ দুই তিন ঘণ্টা পর পর
সেব্য ।

আইওডোফরম সপোজিটরী ।

Re.
আইওডোফরম ৩ i
এমার্চল gr x
গ্লিসিরিন gr x
পলভ একাগিয়া q, s.
মিশ্রিত কবিতা তিনটি সপোজিটরী। যোনি
বা জরায়ু গহবরে প্রয়োগ জ্ঞাত । আবশ্যক
হইলে আইওডোফরমেব পরিমাণ অধিক কবা
যাইতে পারে । আভ্যন্তরিক উদ্ভাপে ইচ্ছা
দ্রব হয় ।

প্রমেহ পীড়াব তরুণ অবস্থায়

R.
সোডাসালিসিলাস ১৫ গ্রেণ
এসিড বেঞ্জোইক ১৫ ”
একোয়া ক্রোরফরম আউন্স
প্রত্যহ তিন বার সেব্য ।
বেদনা থাকিলে
একটু সেমী হায়দ্রায়মিন ৮ গ্রেণ
একটু ক্যানাবিণ হাণ্ডকা ৮ ”
শর্কবা ২ ড্রাম
মিশ্রিত কবিতা ২০টি চূর্ণ, প্রত্যেক তিন
ঘণ্টা পর পর সেব্য ।
অথবা
R.
ক্যান্সার ৮ গ্রেণ
একটু ; ক্যানাবিণ ইণ্ডিকা ৮ ”
শর্কবা ২ ড্রাম
মিশ্রিত কবিতা ২০টি চূর্ণ, প্রত্যেক তিন
ঘণ্টা পর সেব্য ।

সংবাদ ।

বঙ্গীয় সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট-
গণের নিয়োগ, বদলী এবং
বিদায় ইত্যাদি ।

১৯০৩ । ফেব্রুয়ারী ।

তৃতীয় শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট
শ্রীযুক্ত ষারকানাথ দেব রংগুধ ডিম্পেন-
সারীর হুঃ ডিঃ হইতে নরাইল মহকমা
কার্যে অস্থায়ী ভাবে নিযুক্ত হইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট

শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ ঘোষ কটকের হুঃ ডিঃ
হইতে মেদিনীপুরের অন্তর্গত কণ্টাই মহ-
কুমার স্পেসিয়াল কলেরা ডিউটি করিতে
আদেশ পাইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট
শ্রীযুক্ত হালিম উদ্দীন আহামদ কটক জেনে-
রাল হস্পিটালেব হুঃ ডিঃ হইতে মেদিনী-
পুরের অন্তর্গত কণ্টাই মহকুমার স্পেসিয়াল
কলেরা ডিউটি করিতে আদেশ পাইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট

শ্রীযুক্ত বিজ্ঞাননাথ ঘোষ সাওতাল পরগণাবন্দনপল্লী ডিউটা হইতে আসানবাসী ডিস্-পেনসারীর কার্যে অস্থায়ী ভাবে নিযুক্ত হইলেন ।

প্রথম শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত ধর্ম মহাস্তী ক্যান্সেল হস্পিটালেবন্দনপল্লী ডিউটা হইতে মেদিনীপুরের অন্তর্গত সুরজা-মুঠা ডিস্-পেনসারীর কার্যে নিযুক্ত হইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত রসিকলাল ঘোষ জলপাইগুড়ীতে বন্দনপল্লী ডিউটা হইতে জলপাইগুড়ীর অন্তর্গত আলীপুর মহকুমা কার্যে নিযুক্ত হইলেন ।

৩৫। শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত সৈয়দ বসাবৎ হোসেন আলী-পুর দ্বার ডিস্-পেনসারীর কার্যে হইতে জলপাইগুড়ীতে বন্দনপল্লী ডিউটা হইতে আদেশ পাইলেন ।

দ্বিতীয় শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত আকুল সোভান । তিনি পূর্ববঙ্গ জায় হুমকর জেল হস্পিটালে কার্য করিতে আদেশ পাইলেন । বিগত ২২শে অক্টোবরের আদেশ রহিত হইল ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত প্রভাসচন্দ্র দাসগুপ্ত পূর্বের জায় হুমকর পুলিশ হস্পিটালেই কার্য করিতে আদেশ পাইলেন । বিগত ২২শে অক্টোবরের আদেশ রহিত হইল ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত শশীভূষণ মালাকর বঙ্গুরা ডিস্-পেনসারীর বন্দনপল্লী ডিউটা হইতে ঐরামপুর ডিস্-পেনসারীর কার্যে অস্থায়ী ভাবে নিযুক্ত হইলেন ।

প্রথম শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত শশীভূষণ বাগছী ঐরামপুর ডিস্-পেনসারীর কার্যে হইতে ঢাকা মিউনিসিপ্যাল হস্পিটালে পুনশ্চেষ্ট পে তিন মাস বন্দনপল্লী ডিউটা হইতে আদেশ পাইলেন ।

৩৬। শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত গোবিন্দচন্দ্র বিশ্বাস চাইবাসা জেল হস্পিটালেবন্দনপল্লী ডিউটা হইতে পুনরায় পুলিশ হস্পিটালে কার্য করিতে আদেশ পাইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত সেউৎনচন্দ্র সাহা চাইবাসা পুলিশ হস্পিটালের কার্যে হইতে তথাকার জেল হস্পিটালে কার্য করিতে আদেশ পাইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত মতিলাল মুখোপাধ্যায় পূর্বের ভদ্রাসন ডিস্-পেনসারীর কার্যে নিযুক্ত হইয়াছিলেন, ঐ আদেশ বহিত হইয়া ফরিদপুর ডিস্-পেনসারীর কার্যে বন্দনপল্লী ডিউটা হইতে সৈয়দপুর বেলগুয়ে ষ্টেশনের ট্রাবলিং হস্পিটাল এসিস্ট্যান্টের কার্য করিতে আদেশ পাইলেন ।

তৃতীয় শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত কিশোরীমোহন হালদার সৈয়দপুর রেলগুয়ে ষ্টেশনের ট্রাবলিং হস্পিটাল এসিস্ট্যান্টের কার্যে হইতে মুন্সেফের অন্তর্গত বক্তিরামপুর ডিস্-পেনসারীর কার্যে নিযুক্ত হইলেন ।

৩৭। শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত মনোমোহন বসু মুন্সেফের অন্তর্গত বক্তিরামপুর ডিস্-পেনসারীর কার্যে হইতে ফরিদপুরের অন্তর্গত ভদ্রাসন ডিস্-পেনসারীর কার্যে নিযুক্ত হইলেন ।

২০। শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত নিবারণচন্দ্র দে চট্টগ্রামেব পার্শ্বত্যা প্রদেশের মহনচেড়া ডিসপেনসারীতে কার্য্য করাব আদেশ প্রাপ্ত হইয়াছিলেন। ৩২পরিবর্তে বাঙ্গামাটি পুলিশ হস্পিটালে স্তঃ ডিঃ করিতে আদেশ পাইলেন।

প্রথম শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত কৃষ্ণনাথ ভট্টাচার্য্য গঙ্গাসাগর মেলাব কার্য্য শেষ হইলে ভবানীপুর হস্পিটালে স্তঃ ডিঃ হইতে মেদিনীপুরেব কার্য্যে নিযুক্ত লোকদিগেব চিকিৎসা কবিতে আদেশ পাইলেন।

২০। শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত জন্মেজয় সিংহ কাম্বেল হস্পিটালের স্তঃ ডিঃ হইতে P. W. D. বিল বিভাগ কার্য্য কবিতে আদেশ পাইলেন।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত প্রমোদপ্রসাদ বসু ভাগলপুরেব স্তঃ ডিঃ হইতে কাম্বেল হস্পিটালে স্তঃ ডিঃ করিতে আদেশ পাইলেন। তিনি বিগত ডিসেম্বর মাসে ভাগলপুরেব এম্বুলাঞ্চ শ্রেণীব মাসিক চশ টাকা এলাউন্স এবং ভাগলপুরেব পুলিশ ট্রেনিং স্কুলের মাসিক দশ টাকা এলাউন্স হইতে বঞ্চিত হইলেন।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত আবদুল আজিজ খাঁ চট্টগ্রাম জেল-হস্পিটালের কার্য্য সহ তথাকাব পুলিশ হস্পিটালের কার্য্য ২৫শে সেপ্টেম্বর হইতে ২৪শে অক্টোবর পর্য্যন্ত করিয়াছিলেন, তাহা মজুর হইয়াছে।

২০। শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত কণীকৃষ্ণ নন্দী ৬৭পাইণ্ডী

পুলিশ হস্পিটালেব কার্য্যে অস্থায়ী ভাবে নিযুক্ত আছেন। তিনি শামবাড়ী হাট ডিসপেনসারী কার্য্য ১৭ই অক্টোবর হইতে ২৪শে অক্টোবর পর্য্যন্ত কবিয়াছিলেন।

২০। শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত কুঞ্জলাল গঙ্গোপাধ্যায় জলপাইগুড়ী জেল-হস্পিটালের কার্য্য সহ তথাকাব পুলিশ হস্পিটালের কার্য্য ১৫ই অক্টোবর হইতে ২৪শে অক্টোবর পর্য্যন্ত করিয়াছিলেন।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত কামিনীকান্ত দে কাউনিয়া টেশনের ট্রাবলিং হস্পিটাল এসিষ্ট্যান্টেব অস্থায়ী কার্য্য হইতে কাম্বেল হস্পিটালে স্তঃ ডিঃ করিতে আদেশ পাইলেন।

সিনিয়র শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত নাজীব খাঁ মজারপুর পুলিশ হস্পিটালেব কার্য্য হইতে হাজীপুর মহকুমার কার্য্য ৮ই হইতে ১১ই ডিসেম্বর পর্য্যন্ত করিয়াছিলেন।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত ক্ষীবোদচন্দ্র মিত্র নদীয়ার স্পেসিয়াল ডিউটি হইতে কৃষ্ণনগর ডিসপেনসারীতে স্তঃ ডিঃ করিতে আদেশ পাইলেন।

সিনিয়র শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত স্বর্য়ানারায়ণ ঘোষ হাজারীবাগের অন্তর্গত কোডারমা ডিসপেনসারী। ইহার সম্বন্ধে ১৯০২ খ্রীষ্টাব্দের ১৯ই সেপ্টেম্বর তারিখের আদেশ রহিত হইল। ইনি নোয়াখালীর অন্তর্গত ফেনী ডিসপেনসারীতে ১৮৯৯ খ্রীষ্টাব্দের ২৬শে হইতে ২৮শে জুলাই পর্য্যন্ত স্তঃ ডিঃ করিয়াছিলেন।

২০। শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট
শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ দাস নদীয়ার স্পেসিয়াল
ডিউটি হইতে কৃষ্ণনগর ডিসপেনসারীতে
স্বঃ ডিঃ করিতে আদেশ পাঠলেন ।

তৃতীয় শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট
শ্রীযুক্ত ভাগবৎ প্রসাদ দিল্লী দরবার হইতে
প্রত্যাগমন করিয়া ইঁহাব পূর্ব কার্য্য গয়াব
অন্তর্গত সেরগাতী ডিসপেনসারীতে কার্য্য
করিতে আদেশ পাঠলেন

প্রথম শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট
শ্রীযুক্ত সেখ আমীর আলী সেবগাতী ডিসপেন-
সারীর অস্থায়ী কার্য্য হইতে ইঁহাব পূর্ব কার্য্য
বাকিগঞ্জ ডিসপেনসারীতে নিযুক্ত হইলেন ।

২০। শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট
শ্রীযুক্ত আবদুল হক গয়ার অন্তর্গত বাকিগঞ্জ
ডিসপেনসারীর অস্থায়ী কার্য্য হইতে গয়া
পিলগ্রিম হস্পিটালে স্বঃ ডিঃ করিতে আদেশ
পাঠলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট
শ্রীযুক্ত যতীশচন্দ্র বন্দ্যোপাধ্যায় বহরমপুর
লিউজাটিক এসাইলামেব কার্য্য হইতে সব-
কারী কার্য্য পরিত্যাগ করার ক্ষমতা আবেদন
করিয়াছেন । তাহা মঞ্জুর হইল ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট
শ্রীযুক্ত হেমসুন্দর রায় ক্যাডেল হস্পিটালের
স্বঃ ডিঃ হইতে বহরমপুর লিউজাটিক এসাই-
লামে নিযুক্ত হইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট
শ্রীযুক্ত কামিনীকান্ত দে ক্যাডেল হস্পিটালের
স্বঃ ডিঃ হইতে সাতাবাদের অন্তর্গত কুখ
ইরিপেশন হস্পিটালের (P. W. D.) কার্য্যে
অস্থায়ী ভাবে নিযুক্ত হইলেন ।

প্রথম শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট
শ্রীযুক্ত হেনবী সিংহ গয়া জেল হস্পিটালের
কার্য্য হইতে ক্যাডেল হস্পিটালে স্বঃ ডিঃ
করিতে আদেশ পাঠলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট
শ্রীযুক্ত উদয় চন্দ্র নন্দী গয়াব অন্তর্গত নবী-
নগর ডিসপেনসারীর কার্য্য হইতে গয়া জেল
হস্পিটালের কার্য্যে নিযুক্ত হইলেন ।

২০। শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট
শ্রীযুক্ত আবদুল হক গয়া পিলগ্রিম হস্পি-
টালেব স্বঃ ডিঃ হইতে নবীনগর ডিসপেন-
সারীর কার্য্যে নিযুক্ত হইলেন ।

সিনিয়র শ্রেণীর সিভিল হস্পিটাল
এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত চন্দ্রকান্ত দাস ক্যাডেল
হস্পিটালের স্বঃ ডিঃ হইতে পূর্বব অন্তর্গত
কণাবক P. W. D. বিভাগে কার্য্য করিতে
আদেশ পাঠলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট
শ্রীযুক্ত গঙ্গাধর দাস পূর্বব অন্তর্গত কাণারক
P. W. D. বিভাগেব কার্য্য হইতে পূর্ব
ডিসপেনসারীতে স্বঃ ডিঃ করিতে আদেশ
পাঠলেন ।

প্রথম শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট
শ্রীযুক্ত কেদার নাথ ভাট্টার সারণের অন্তর্গত
দিঘারার ডিসপেনসারীর কার্য্য হইতে দর-
য়ালী ডিসপেনসারীতে নিযুক্ত হইলেন ।
দরয়ালী ডিসপেনসারীর লোকাল নেটিভ
ডাক্তার শ্রীযুক্ত রামনারায়ণ প্রসাদ দিঘারো-
রায় বদলী হইলেন ।

৩৫। শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট
শ্রীযুক্ত সৈয়দ বসারৎ হোসেন জলপাইগুড়ী
ডিসপেনসারীর স্বঃ ডিঃ হইতে দাঁরজিলিংএর

অন্তর্গত নক্সাবাড়ী ডিস্‌পেনসারীতে নিযুক্ত হইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত কেশবানন্দ পাঠী নক্সাবাড়ী ডিস্‌পেনসারীর কার্য্য হইতে তাঁহার নিজের ইচ্ছামুতাবে ক্যাছেল হস্পিটালে বা কটক জেনারেল হস্পিটালে স্নঃ ডিঃ কবিত্তে আদেশ পাইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত অপূর্বকুমার বসু দোলেন্দা লিউ-জাটিক এসাইলমের অস্থায়ী কার্য্য হইতে ক্যাছেল হস্পিটালে স্নঃ ডিঃ কবিত্তে আদেশ পাইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত প্রমোদপ্রসাদ বসু ক্যাছেল হস্পিটালে স্নঃ ডিঃ করিতে আদেশ পাইয়াছিলেন । তৎপরিবর্ত্তে ভাগলপুরের অন্তর্গত সিংহেশ্বর মেলাব কার্য্য কবিত্তে আদেশ পাইলেন ।

শ্রীযুক্ত বিজয়ভূষণ বসু সরকারী কার্য্য স্বীকার করায় চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট নিযুক্ত হইয়া ক্যাছেল হস্পিটালে স্নঃ ডিঃ করিতে আদেশ পাইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত অপূর্বকুমার বসু ক্যাছেল হস্পিটালের স্নঃ ডিঃ হইতে কলিকাতা পুলিশ লক আপে অস্থায়ী ভাবে নিযুক্ত হইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত অত্যানন্দ সাহ মতিহারীর স্নঃ ডিঃ হইতে মতিহারী পুলিশ হস্পিটালের কার্য্যে অস্থায়ী ভাবে নিযুক্ত হইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত মনুসুন্দর বন্দ্যোপাধ্যায় ঢাকা মিট-

ফোর্ড হস্পিটালের স্নঃ ডিঃ হইতে ভাগলপুরের অন্তর্গত মাধীপুরী মহকুমার কার্য্যে অস্থায়ী ভাবে নিযুক্ত হইলেন ।

তৃতীয় শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত অমৃতলাল মণ্ডল ভাগলপুরের অন্তর্গত মাধীপুরী মহকুমার কার্য্য হইতে ঢাকা মিটফোর্ড হস্পিটালে, তিন মাস স্নঃ ডিঃ করিতে আদেশ পাইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত বিজয়ভূষণ বসু ক্যাছেল হস্পিটালের স্নঃ ডিঃ হইতে সিউবী পুলিশ হস্পিটালের কার্য্যে অস্থায়ীভাবে নিযুক্ত হইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত উমেশচন্দ্র মজুমদার ঢাকা মিটফোর্ড হস্পিটালের স্নঃ ডিঃ হইতে বর্ধমানের অন্তর্গত কালনা মহকুমার কার্য্যে অস্থায়ী ভাবে নিযুক্ত হইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত মহমদ লকমান খাঁ বিদায় অন্তে ক্যাছেল হস্পিটালে স্নঃ ডিঃ করিতে আদেশ পাইলেন ।

২৫ । শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত হেমচন্দ্র অধিকারী মুন্সের পুলিশ হস্পিটালের কার্য্য হইতে ছাপরা পুলিশ হস্পিটালের কার্য্যে নিযুক্ত হইলেন ।

২০ । শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত সৈয়দ মহমদ ওয়ারেশ হোসেন ছাপরা পুলিশ হস্পিটালের কার্য্য হইতে মুন্সেরের অন্তর্গত চক মহাবাদ ডিস্‌পেনসারীর কার্য্যে নিযুক্ত হইলেন ।

প্রথম শ্রেণীর সিভিল হস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত চক্ৰলাল বিদায় অন্তে চক মহাবাদ

ডিস্‌পেনসারীর কার্য্য হইতে যুদ্ধের পুলিশ হাস্পিটালের কার্য্যে নিযুক্ত হইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হাস্পিটাল, এসিষ্ট্যান্ট তারক নাথ রায় চক মহাবাদ ডিস্‌পেনসারীর অস্থায়ী কার্য্য হইতে যুদ্ধের ডিস্‌পেনসারীতে স্ঃ ডিঃ করিতে আদেশ পাইলেন ।

২০। শ্রেণীর সিভিল হাস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত পূর্ণচন্দ্র চক্রবর্তী বালেঞ্চব পিলগ্রিম হাস্পিটালের স্ঃ ডিঃ হইতে ২৪ পবগণাব অন্তর্গত বজ বজ ডিস্‌পেনসারীতে অস্থায়ী ভাবে নিযুক্ত হইলেন ।

শ্রীযুক্ত মণীন্দ্র মোহন গুহ সরকারী কার্য্য স্বীকার করার চতুর্থ শ্রেণীর সিভিল হাস্পিটাল এসিষ্ট্যান্ট নিযুক্ত হইয়া ঢাকা মিটকোর্ড হাস্পিটালে স্ঃ ডিঃ করিতে আদেশ পাইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হাস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত কীরোদ চন্দ্র মিত্র কৃষ্ণনগর ডিস্‌পেনসারীর স্ঃ ডিঃ হইতে ধুববী গোহাটি রেলওয়ে বিভাগে কার্য্য করিতে আদেশ পাইলেন ।

সিনিয়র শ্রেণীর সিভিল হাস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত কৈলাস চন্দ্র সেন মোগলহাট ডিস্‌পেনসারীর অস্থায়ী কার্য্য হইতে মেদনীপুরের অন্তর্গত গড়বেতা ডিস্‌পেনসারীর কার্য্যে নিযুক্ত হইলেন ।

সিনিয়র শ্রেণীর সিভিল হাস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত মহেশ চন্দ্র ধর মেদনীপুরের অন্তর্গত গড়বেতা ডিস্‌পেনসারীর কার্য্য হইতে হাজারীবাগ পুলিশ হাস্পিটালে নিযুক্ত হইলেন ।

২১। শ্রেণীর সিভিল হাস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত আবদুল গনী হাজারীবাগ পুলিশ

হাস্পিটালেব কার্য্য হইতে ঢাকা মিটকোর্ড হাস্পিটালে স্ঃ ডিঃ করিতে আদেশ পাইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হাস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত হীবালাল মুখোপাধ্যায় যশোহর পুলিশ হাস্পিটালেব অস্থায়ী কার্য্য হইতে ভাগলপুর পুলিশ হাস্পিটালে অস্থায়ী ভাবে নিযুক্ত হই-

তৃতীয় শ্রেণীর সিভিল হাস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত শশী ভূষণ গঙ্গোপাধ্যায় ভাগলপুর পুলিশ হাস্পিটালেব কার্য্য হইতে ক্যাথেল হাস্পিটালেব বেসিডেন্ট হাস্পিটাল এসিষ্ট্যান্টের কার্য্যে নিযুক্ত হইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হাস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত বাজেন্দ্র লাল বন্দ্যোপাধ্যায় ক্যাথেল হাস্পিটালেব বেসিডেন্ট হাস্পিটালে এসিষ্ট্যান্টের কার্য্য হইতে ক্যাথেল হাস্পিটালে স্ঃ ডিঃ করিতে আদেশ পাইলেন ।

৩৫। শ্রেণীর সিভিল হাস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত বজনী নাথ গঙ্গোপাধ্যায় কৃষ্ণনগর জেলা হাস্পিটালেব কার্য্য হইতে ভাগলপুর সেন্ট্রাল জেল হাস্পিটালে নিযুক্ত হইলেন ।

তৃতীয় শ্রেণীর সিভিল হাস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত রামপদ রায় ভাগলপুর সেন্ট্রাল জেল হাস্পিটালের কার্য্য হইতে কৃষ্ণনগর জেল হাস্পিটালে নিযুক্ত হইলেন ।

চতুর্থ শ্রেণীর সিভিল হাস্পিটাল এসিষ্ট্যান্ট শ্রীযুক্ত জয়কুমার মহাভৌ গড়বেতা ডিস্‌পেনসারীর অস্থায়ী কার্য্য হইতে মেদনীপুর ডিস্‌পেনসারীতে স্ঃ ডিঃ করিতে আদেশ পাইলেন ।

শ্রীযুক্ত মনী উদ্দীন আহম্মদ সরকারী কার্য্য স্বীকার করার চতুর্থ শ্রেণীর সিভিল

হস্পিটাল এসিস্ট্যান্ট নিয়ুক্ত হইয়া বাকাপুর হস্পিটালে ইঃ ডিঃ কবিত্তে আদেশ পাঠলেন।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত কুঞ্জাবহাবী মৌলিক ক্যাথেল হস্পিটালের ইঃ ডিঃ হইতে কাঁচড়াপাড়াব অস্থায়ী ট্রাবলিং হস্পিটাল এসিস্ট্যান্ট নিয়ুক্ত হইলেন।

৩৫। শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত গোপাল চন্দ্র দে বিদায় অস্ত্র ক্যাথেল হস্পিটালে ইঃ ডিঃ কবিত্তে আদেশ পাঠলেন।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত হর্ষনাথ সেন ময়মদসিংগেব অন্তর্গত আমবোবরা ডিসপেনসারীর অস্থায়ী কার্য হইতে পীড়ার জন্ত ৩ট মাসেব বিদায় পাঠলেন।

প্রথম শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত নিবারণ চন্দ্র ভট্টাচার্য্য যশোহরেব অন্তর্গত নরাইল মহকুমাব কার্য হইতে তিন মাসেব প্রাপ্য বিদায় প্রাপ্ত হইলেন।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত শশীভূষণ ঘোষ সাওতাল পবগণার অন্তর্গত আসানবাসী ডিসপেনসারীর অস্থায়ী কার্য হইতে তিন মাসেব প্রাপ্য বিদায় প্রাপ্ত হইলেন।

২৫। শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত লক্ষ্মী নারায়ণ মিত্র বর্ধমান ডিসপেনসারীর ইঃ ডিঃ হইতে তিন মাসের প্রাপ্য বিদায় হইলেন।

সিনিয়র শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত মহেশচন্দ্র ধর মৈদনীপুরের অন্তর্গত গড়বেড়া ডিসপেনসারীর

কার্য হইতে বিহায়ে আছেন। ইনি পীড়ার জন্ত আবে এক মাসের বিদায় পাঠলেন।

২০। শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত যতীন্দ্র চন্দ্র বন্দ্যোপাধ্যায় গোয়ালন্দা ট্রাবলিং হস্পিটাল এসিস্ট্যান্টের কার্য হইতে বিনা বিদায়ে বিগত ডিসেম্বর মাসের ১লা হইতে ২১শে পর্যন্ত অস্থাপস্থিত ছিলেন। এনি ঐ সময়ের বেতন পাইবেন না।

২০। শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত খানন্দ চন্দ্র দাস সাহাবাদের অন্তর্গত কুথইবিগেসন (P W. D.) ডিসপেনসারীর কার্য হইতে এক মাসেব প্রাপ্য বিদায় প্রাপ্ত হইলেন।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত হর্ষনাথ সেন বিহায়ে আছেন। ইনি পীড়ার জন্ত আবে তিন মাসেব বিদায় পাঠলেন।

প্রথম শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত আলা বক্স কলিকাতা পুলিশ লক আপেব কার্য হইতে তিন মাসের প্রাপ্য বিদায় প্রাপ্ত হইলেন।

৩৫। শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত বামতাবণ বন্দ্যোপাধ্যায় মতিহাবী পুলিশ হস্পিটালেব কার্য হইতে তিন মাসের প্রাপ্য বিদায় প্রাপ্ত হইলেন।

তৃতীয় শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত দিবাকর চক্রবর্তী বীরভূম পুলিশ হস্পিটালের কার্য হইতে এক মাসের প্রাপ্য বিদায় প্রাপ্ত হইলেন।

চতুর্থ শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত মহম্মদ লোকমান খাঁ বর্ধমানের অন্তর্গত কালনা মহকুমার অস্থায়ী কার্য হইতে তিন মাসের প্রাপ্য বিদায় প্রাপ্ত হইলেন।

সিনিয়র শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত হরিপদ বন্দ্যোপাধ্যায় ২৪ পরগণার অন্তর্গত বঙ্গ বঙ্গ ডিসপেনসারীর কার্য্য হইতে তিন মাসের প্রাপ্য বিদায় প্রাপ্ত হইলেন ।

৩৫। শ্রেণীর সিভিল হস্পিটাল এসিস্ট্যান্ট শ্রীযুক্ত গোপাল চন্দ্র দে কৌচড়াপাড়া টেননের টাবলিং হস্পিটালে এসিস্ট্যান্টের কার্য্য হইতে পীড়াব জ্ঞাত তিন মাসের বিদায় পাঠলেন ।

— o —

ভিষক-দর্পণের নিয়মাবলী ।

১। বঙ্গীয় গবর্ণমেন্টের অনুমোদনে এবং আনুকূলে প্রতি মাসে একবার প্রকাশিত হয় ।

২। মূল্য বার্ষিক চয় টাকা । আগ্রিম মূল্য ভিন্ন কাহাভেত্ত গ্রাহক জ্ঞেয়ভুক্ত করা হয় না ।

৩। মূল্য শেষ হইলে যদি পত্রিকাশ্রেরণ-নিষেধ-পত্র না আইসে, তবে নিয়মিতরূপে পত্রিকা প্রেরণ করিব এবং গ্রাহক মূল্যের অঙ্ক দায়ী থাকিবেন ।

৪। পত্রের উত্তর পাইতে ইচ্ছা করিলে ২০ ডাক টিকিট পাঠাইতে হয় ।

৫। পুরাতন গ্রাহক নিজ নিজ নম্বর উল্লেখ করিয়া পত্র লিখিবেন ।

৬। মূল্য বাকী পড়িলে আমরা যে কোন সময়ে

ভি পি পোষ্টে ভিষক-দর্পণ পাঠাইব । গ্রাহক মহাশয় তাহাতে আপত্তি করিতে পারিবেন না ।

৭। কোন মাসে যদি কেহ পত্রিকা না পান, তবে পত্রের সংখ্যা পাওয়াযায় সংবাদ দিলে, পুনর্বার বিনা মূল্যে পত্রিকা পাঠাইয়া থাকি, কিন্তু বিলম্বে সংবাদ দিলে মূল্য দিতে হয় ।

৮। ভিষকদর্পণ সংশ্লিষ্ট যে কোন পত্র প্রবন্ধ, সংবাদ এবং পুস্তকাদি আমার নামে নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হয় ।

১১৮ নং আমহাট ষ্ট্রীট
কলিকাতা ।

} শ্রীগিরীচন্দ্র বাগচী
ভিষকদর্পণ সম্পাদক
এবং স্বত্বাধিকারী ।

ভিষক-দৰ্পণ ।

চিকিৎসা-তত্ত্ব-বিষয়ক মাসিক পত্ৰিকা ।

যুক্তিযুক্তমুখ্যাদয়ঃ বচনং বালকাদিপি :

অন্যং তু তুণ্যং তাজং যদি ব্রজা স্বয়ং বদেৎ ॥

১৩শ খণ্ড

মার্চ, ১৯০৩ ।

৩য় সংখ্যা ।

পথ্য-বিধান ।

(পূৰ্ণ প্রকাশিতের পর)

লেখক শ্রীযুক্ত ডাক্তার কুঞ্জবিহারী জ্যোতির্ভূষণ ।

ভাবপ্রকাশ গ্রন্থে এইরূপ গুণের বিষয়
উক্ত হইয়াছে ।

মধুকর্টিকা স্বাদী

রোচনী শীতল্য গুণঃ ।

রক্তপিত্তক্ষয়দ্বাস-

কাসহিকান্নমাপহা ॥

কমলালেবু—(Citrus Aurantium)
নারঙ্গ । ইহাতে শর্করা, সাইট্রিক এসিড,
পটাশ, গন্ধ ও এক প্রকার বায়ু তৈল প্রাপ্ত
হওয়া যায় ।

ইহার আবাদ অল্পমধুর । নিম্পীড়িত
রস লঘুপাক, শৈত্যকর, বণ্ণকারক ও
পৌষক । কোষ সমৃদ্ধ গুরুপাক । নারঙ্গ
যক সুগন্ধি বায়ুনাশক ও উত্তেজক ।

এ উদর বেদনা ও উদর শূল রোগে, ইহার
যক পেষণ করিয়া সেবন করাইলে ঐ বেদনা
বিনষ্ট হইয়া যায় ।

হৃদ্র থণ্ডবং ক্রিমি বোগেণ ইহার যক
উপযোগী ব্যবস্থা । উহা বা বিনাশ প্রাপ্ত হয় ও
তজ্জনিতবেদনা তিরোহিত হয় ।

বাজানৰ্ষট গ্রন্থে উক্ত হইয়াছে ইহা অন্ন,
মধুর, গুরু, উষ্ণ, রোচন, বাতামক্কম শূল
নাশক এবং বলকারক ।

আমড়া (Hog plum, Spondias
magnifera) আম্রাতকঃ বা আম্রাতক ।
ইহাতে টাটারিক এসিড, ট্যানিক এসিড,
পটাশ প্রভৃতি উপাদান সকল বর্তমান
আছে ।

কচি আমড়া অন্ন ও কষায় আশ্বাদ ।
অপক্ক হইলে দীৰ্ঘ মধুবৎ বর্তে । ইহাতে
ট্যানিক এসিড থাকা প্রযুক্ত ভক্ষণ কবিলে
কোষ্ঠ শুক্লির ব্যাঘাত- উপস্থিত হয় । এই
হেতু রোগোপশমন কালে, ইহার ব্যবস্থা যুক্তি-
সিদ্ধ নহে ।

প্রবাদ আছে, অধিক দিবস আমড়া ব্যবহার করিলে বীজ পোঁসে। আক্রান্ত হইয়া থাকে। **ইলাইচী, ছউক্**, ইহা ভক্ষণ বিষয়ে মিতভোজী হইয়াই প্রয়োজন।

পক্ আমড়া রুচিকর ও অল্প পরিমাণে পোষক ইহারও অপক্ আমড়াব জ্বর গুণ আছে :

ভাব প্রকাশ গ্লেছে ইহার এচকপ গুণ উল্লিখিত হইয়াছে।

আম্রাতমল্লং বাতঘ্নং
গুরুক্ষং রুচিক্তং সরম্ ।
পকম্ তুবরং স্বাদু,
বসে পাকে হিমং স্ন্যতং ॥
তর্পণং শ্লেষ্মলং স্নিগ্ধং
বৃষাৎ বিষ্টন্তি বৃংহণম্ ।
গুরু বল্যং মরুৎপিত্ত
ক্ষতদাহ ক্ষয়াশ্রজিৎ ॥

করমচা (করমর্দ) অপর নাম অল্প করঞ্জ। ক্ষুদ্র ও বৃহৎ ভেদে করমর্দিকা দুই প্রকার। এই উভয় প্রকার কবচাবট আশ্বাদ ও গুণ তুল্য, কেবল ইহাদিগের আকার গত ভেদ মাত্র।

করমচার আশ্বাদ কষায়াল তিক্ত। ইহাতে টার্টারিক এসিড, ট্যানিক এসিড, তিক্তসার, উদ্ভিদিক এলবামেন আছে। এতদ্ভিন্ন পটাশাদি লবণ প্রাপ্ত হওয়া যায়।

ইহা আধৈয়, সঙ্কোচক, পিত্তবর্দ্ধক ও গুরুপাক। সুপক্ হটলে দীর্ঘ মধুরস্ব ভস্মে এবং অপেক্ষাকৃত সহজে পরিপাক হইয়া থাকে। অনেকে সুপক্ করমচা রৌদ্রে শুক করিয়া রাখে এবং আবশ্যক মত আহারার্থ

ব্যবহার করে। ইহাও পক্ ফলের সমতুল্য গুণ বিশিষ্ট।

করমর্দঃ সুধেণঃ স্নাতঃ

কৃষ্ণপাকফলস্তথা ।

তস্মাৎসুফলা যা তু

সা জ্যেষ্ঠা করমর্দিকা ॥

করমর্দদ্বয়ং স্বাম

মল্লংগুরু ত্বাহরম্ ।

উষ্ণং রুচিকরং প্রোক্তং

বক্তৃপিত্তকফপ্রদং ॥

তৎ পকং মধুরং কচ্যং

লঘু পিত্তসমোবজিৎ ॥

রাজবল্লভ গ্রন্থের মতে ইহা ত্রিদোষের সাম্যকর ও বিষ নাশক। এবং রাজ নির্ঘণ্ট গ্রন্থের মতে ইহা পিত্তকর ও রুচিকর।

কামরাঙ্গা—(Averrhoa arambola) কন্দরঙ্গ। কামরাঙ্গা গুরুপাক, সঙ্কোচক, আধৈয়, বলকারক। সুপক্ বস্মরঙ্গ অল্প মধুর রস বিশিষ্ট ও রুচিকর খাদ্য। প্রত্যহ ভক্ষণ করিলে শবীরের জড়তা উপস্থিত হইয়া থাকে।

রাজ নির্ঘণ্ট গ্রন্থের মতে ইহা তীক্ষ্ণ, উষ্ণ, বটুপাকি ও অল্পপিত্তকারি। পকফল মধুবান্ন, বল ও পষ্টিকারি।

চালতা—(Dillenia Indica) ভব্য। ইহা কষায়াল আশ্বাদ বিশিষ্ট ও এক প্রকার পিচ্ছিল পদার্থ আছে। ইহা ছপাচা ও স্রাবণ ক্রিয়ায় নূনতা জনক। ভক্ষণ করিলে মল, মূত্র, বর্ষ, প্রস্রাব প্রভৃতি সমুদায়েরই অল্পতা, ঘটয়া থাকে। ইহাতে ট্যানিক এসিড থাকায়, ইহার মলাবধৌষক শক্তি, ঐ সকল অপেক্ষা অধিক।

রাজবল্লভ গ্রন্থ মতে ইহা স্বাদু বয়াম্ব, কদা, আন্ত বিশোধক ; এবং পক ফল দোষঘ্ন, গুরু, গ্রাহি ও বিষনাশক ।

ডেলো, ডেযো বা মান্দাব—(*Atrocarpus lakucha*) ডহ ফল ২১ লকুচ । অপক ফল অম্লাস্বাদবিশিষ্ট, গুরুপাক ও কোষ্ঠক্ৰি়াব ব্যাঘাতকর । পক ফল মধুর রস যুক্ত অম্লাস্বাদ । অপক ফলের বাজন ব্যবহৃত হইয়া থাকে । ইহা গুরুপাক, অধিক ভক্ষিত হইলে পবিপাক-শক্তির বিকার উপস্থিত কবে । পক ফল সুস্বাদু, পিত্তবৃদ্ধিকারক ও পরিপাক যন্ত্রে বায়ু জন্মায় ইহা দ্বারা মল নিঃসরণের অন্ততা ঘটয়া থাকে । রোগোপসম কালে ইহাও সুব্যবস্থা নহে ।

আয়ুর্বেদ মতে ইহা এইরূপ উক্ত হইয়াছে ।—

লকুচং গুরু বিষ্টম্ভি
স্বাধ্বল্লং রক্তপিত্তকৃৎ ।
ল্লৈম্বাকারি সমীরণ-
মুখং শুক্রাঘ্নিনাশনং ॥
আমং লকুচমুখঞ্চ,
গুরুবিষ্টম্ভিকৃৎ তথা
মধুরঞ্চ তথাস্থঞ্চ
দোষত্রিতম্বরক্তকৃৎ ॥

শুক্রাঘ্নিনাশনঞ্চাপি
নেত্রয়োর্বহিতং স্মৃতং ।
সুপকং তৎ তু মধু-
মল্লকানিলপিত্তকৃৎ ॥
ককবৃক্করং রুচাং
ব্রহ্মাং বিষ্টম্ভকঞ্চ তৎ ॥

বৃক্ষেব বহুলেব বস সঙ্কেচক গুণা বিশিষ্টা ।
অতিস্বাদাদি বোগে, ইহাব কাথ বাসন্তিত
হইলে, অনেক সময় সুফল প্রাপ্ত হওয়া
যায় ।

নোয়াল বা নোয়াড—(*Phyllanthus dissitichus*) লবলী । ইহাও অল্প মধুর কষায় বস বিশিষ্ট । অপব ইহাতে এক প্রকার বায়ী তৈল আছে, উহা ইহাব সুগন্ধেব কাবণ । নোয়াল গুরুপাক ; কখন কখন ইহা দ্বাবা উদরের এক প্রকার অন্ত-স্ততা জন্মাইয়া থাকে । প্রবাদ আছে ইহা অর্শ বোগে হিতকর ।

ভাবপ্রকাশ গ্রন্থে ইহার নিম্নলিখিত গুণের উল্লেখ দৃষ্ট হয় ।

লবলীফলমশ্মাশঙ্ক-
কফপিত্তহরং গুরু ।
বিশদং বোচনং রুক্ষং
স্বাস্তং দ্বতু ববং রসে ॥

নব্য-অস্ত্রচিকিৎসা-প্রণালী ।

(পূর্ব প্রকাশিতের পর)

লেখক শ্রীযুক্ত ডাক্তার যুগেন্দ্রনাথ মিত্র, এম্. এম্., এম্. ।

OPERATION BY ANTERIOR INCISION.—এই অপারেশনে

বোগী চিং হটয়া শয়ন করিবে। তাহার উরুদ্বয় যতদূর সম্ভব সম্পূর্ণ ভড়াইয়া রাখিতে হইবে। সার্জন্ বোগীর দক্ষিণ দিকে দণ্ডায়মান হইবেন। এন্টিরিয়র স্থিতির্যাব ইলিয়ায়াক্ স্পাইনেব আধ ইঞ্চি নিম্নে ও আধ ইঞ্চি বাহিরে ইন্সিশ্যন আবস্ত করিবে। প্রায় তিন ইঞ্চি পরিমাণে নিম্নে ও একটু ভিতর দিকে ইহা টানিতে হইবে। ডিসলোকেশ্যন থাকিলে এত দীর্ঘ করা হইবে না। পেশী সকলের মধ্যে এষ্ট ইন্সিশ্যন একবারে গভীর করিয়া টানিবে এবং জয়েন্টের ক্যাপ্-সিউল উন্মুক্ত করিবে। একখানি বরাত




Fig. 204.

বা অস্টিসোটোম দ্বারা হাড়খানি প্রায়া তাহার আপায় সার্ফেস্ হইতে নিম্নাভিমুখে বিভক্ত করিতে হইবে, এবং উণ্ডেব ভিতর দিয়া সজোবে এক্‌স্টেনশ্যন ও ইভার্সান দ্বারা হাড়খানি ডিসলোকেট্ না করিয়া তাহার মাথাটা কাটিয়া লইবে। টিউবার্কল্‌গ্রন্থ সমস্ত কোকাস্‌গুলি স্ক্লেপ্ করিয়া লইতে হইবে এবং এসিটাবিউলামের সমুদয় টিউবার্কল্‌গ্রন্থ অংশ flushing gouge দ্বারা নিষ্কাশিত করিবে। সমস্ত সাইনাস্‌গুলিই সম্পূর্ণরূপে স্ক্লেপ্ করিবে। রক্তস্রাব বোধ করিবে, কবোসিড্ সাব্‌লিমেন্ট্ সোলিউশ্যনে উণ্ড্ ইব্রিগেট করিবে; ক্লোরাইড্ অড্ জিক্ সোলিউশ্যনে মুছিয়া লইবে এবং অ্যায়োডোকলম্ চূর্ণ প্রক্ষেপ করিবে। ইন্সিশ্যনের নিম্নকোণে একটা ড্রেণেজ্ টিউব্ বসাইবে এবং ইন্সিশ্যনের উর্দ্ধাংশ বন্ধ করিয়া দিবে। এন্টিসেপ্টিক্ প্রক্রিয়াব উণ্ড্ ড্রেস্ করিবে। উণ্ড্ অ্যারোগ্যোমুখ হওয়া পর্যন্ত এক্‌স্টেনশ্যন এপারেটান্ দ্বারা এক্‌স্টেনশ্যন করিতে হইবে। তাহার পর Thomas's splint প্রয়োগ করিয়া যোগীকে প্রত্যাহ উন্মুক্ত বায়ুতে ও ঘোঁড়ে বাহির করিতে হইবে। সচরাচর হিপের রিসেকশ্যনে দৃঢ় এক্সিলোসিস্ উৎপন্ন হইয়া থাকে; কিন্তু কখন কখন জয়েন্টের সামান্য পরিমাণ সঞ্চাল্যতা থাকিতে দেখা যায়।

OPERATION BY LATERAL INCISION—(Hangen beck's operation.)—এই অপারেশানে ফিমারের এক সিসের অভিমুখে দুই ইঞ্চি দূরত্বে একটি সোজা ইনসিশান করা হয়। তাহা গ্রেট ট্রোখান্টারের এপেক্স হইতে নিম্নাভিমুখে বিস্তৃত হইবে। এই ইনসিশানের আবদ্ধস্থল হইতে চাঁদের মাথাব দিকে একটি বীকা (curved) ইনসিশান করিতে হইবে। সেই কার্ডের কন্ডেক্স অংশ পশ্চাৎগে থাকিবে। বেল বলেন, উরুর এডাকশান ও হডার্শান দ্বারা চাঁদের মাথাটা উণ্ড্র মাধ্যম অনিয়া কন্যাত ব্যবহার করিতে হইবে। বার্কীর ইহাব বিবোধী। তিনি বলেন, ইনসিশানের ভিতর দিয়া হাড় মোচড়াইয়া বাহিব করিতে গেলে পেরিস্ট্রিয়াম উঠিয়া যাটবে, তাহাতে নিক্রোসিস হইবার সম্ভাবনা, অতএব হাড়-খানিকে যথাস্থানে বাধিয়াই তাহা করাত দিয়া কাটিবে। Gross একটি অর্ধচন্দ্রাকৃতি ইনসিশান করেন। তাহাব কন্ডেক্সটি পশ্চাদিকে থাকে।

EXCISION OF THE KNEE JOINT—এই অপারেশানে সম্পূর্ণ এক্সিশান করিতে হইবে এবং প্যাটেলা তুলিয়া লইতে হইবে। টিউবার্কিউলার পীড়া, কোন কোন কম্পাউণ্ড ফ্র্যাকচারে ও কম্পাউণ্ড ডিসলোকেশানে এবং কোন কোন এন্ড্রিউলার এন্ড্রিলোসিসে এই অস্ত্রোপচার করা হয়। কিন্তু কচিং গান্ধট টঙ্করীতে ইহা অবলম্বিত হইয়া থাকে; রোগ স্থলে এম্পুটেশান করা অধিক সুবিধাজনক। কঙ্কের এক্সিশানে যে সকল অস্ত্র ব্যবহৃত

হইতেও সেই সকল অস্ত্র ব্যবহৃত, অধিকন্তু একখানি Butcher's saw প্রয়োজন হইয়া থাকে।

OPERATION BY ANTERIOR SEMILUNAR FLAP—রোগী চিং হুয় গুটীয়া থাকে, এবং কয়েকটী এক-ঠেন্য়ানে যদি এক্সিলোজড না হইয়া থাকে, তাহা semiflexed বাঁতে হইবে। সার্জিন দক্ষিণ দিকে দণ্ডায়মান হইবেন। একটি কণ্ডাইল্ হট্ অণব কণ্ডাইল্ পর্যন্ত নিম্নাভিমুখী কার্ডে একটি ইনসিশান করিতে হইবে। সেই কার্ড লিগামেন্টাম প্যাটেলার ভিতর দিয়া ট্রাববার টিউবাবোসিটা ও প্যাটেলাব ইন্ফারিয়ার মার্জিনের মধ্যপথে চালিত হইবে। ক্যাপুটি ডিসেক্ট করিয়া তুলিতে হইবে। Knee জোর করিয়া flexed করিবে, ল্যাটারাল ও ক্রুশিয়াল লিগামেন্ট সকল কাটিতে হইবে এবং ফিমারের মুখ সম্যক পরিষ্কৃত করিতে হইবে। অস্ত্রব নিম্নভাগ দিয়া Butcher's saw চালিত করিয়া তাহা নিম্ন হইতে উর্দ্ধ ভাগে ছেদন করিবে। ট্রিয়ার মুখ পবিকার করিয়া তাহাব কিয়দংশ কবাত কাটিয়া লইবে। করাত করার পর যদি আরও পীড়িত কোকাস বাহিব হয়, তাহা হইলে আর একটু অংশ কাটিয়া লইবে অথবা কোকাসগুলি গাউজ করিবে। স্মরণ রাখা উচিত যে, কণ্ডাইলের সার্ফেসের সহিত parallel করিয়া করাত বসাইতে হইবে, কারণ তাহা না হইলে প্রত্যঙ্গ সম্বোজিত হইলে বাহিষের দিকে বীকিয়া থাকিবে।

প্যাটেলা ছেদিত হইলে পরে কাঁচি দিয়া

পীড়িত সাটিনোভিয়ায় মেমব্রেন কাটিয়া ফেলবে, এবং সকল সাটিনাস্ ও পীড়িত অংশ দূর করিবে। জয়েন্টের পোষ্টিরিয়াব লিগামেন্ট পীড়িত না হলে দূর করিতে নাই। ইহাৎক বাখিয়া দিলে পশ্চাৎ দিকে displacement ঘটিতে পায না এবং পপ্ লিটরিয়াল্ স্পেস্ বক্ষিত হইয়া থাকে। শিশু-দিগের খণ্ডগুলি তাব দিয়া বাধিবে, বয়ঃপ্রাপ্ত-দিগের ইহা করিবার প্রয়োজন হয় না। বক্ত বন্ধ হইবার পৰ্য্যন্ত টবিগেট্ করিবে, আয়াডো-ফর্ম্ চূর্ণ প্রয়োগ করিবে, ড্রেণেজ্ টিউব্ বন্-সার্ট্ করিবে, সেলাজ কাবরা, এন্টিসেপ্টিক প্রক্রিয়ায় ড্রেস্ করিবে এবং প্রাইসেব স্প্লিন্ট্ অথবা এশহাট্টের ব্র্যাকেট্ বিশিষ্ট তারের স্প্লিন্ট্ অথবা একটা লম্বা ফ্র্যাক-চার বক্স প্রযুক্ত হইতে পাবে। ফিমাব সম্মুখদিকে প্রোজেক্ট্ করিবে একটা এন্ট-

রিয়াব স্প্লিন্ট্ প্রয়োগ করিবে। যদি তাহার বাহিবের দিকে খুলিয়া পড়িবার প্রবণতা দেখা যায়, তাহা হইলে এশহাট্টের মতে প্রত্যঙ্গের বহির্ভাগ বেঁধেন করিয়া এক টুকরা এ'চ'সভ্ প্লাষ্টার্ সংযুক্ত করিবে। Bony ankylosis যতদিন না সম্পূর্ণ হয়, ততদিন স্প্লিন্ট্ রাখিয়া দিতে হইবে। অনেক সার্জন প্যাবিস্ প্লাষ্টার্ প্রয়োগ করেন। যত দিন না অংশগুলি দৃঢ় ও নিবেট হয়, ততদিন তাহা ধারণ করিয়া থাকিতে হইবে।

EXCISION OF THE ANKLE JOINT.—প্রধানতঃ গানশাট্ উণ্ডে, বম্পা-উণ্ড ডিস্লোকেশানে ও ক্রণিক্ জয়েন্ট্ পীড়ার প্রথমাবস্থায় এই অপারেশান্ করা হয়। ক্রণিক্ জয়েন্ট পীড়ায় কম্প্রীট্ রিসেকশানে করিতে হয়। এঙ্গলের এক্সি-শনে বড় বিরল। অত্যন্ত রিসেকশানে




Fig. 205.

Fig. 205.—Watson's plaster of Paris swing-splint.


যে সকল যন্ত্র আবশ্যক, ইহাতেও সেই সকল প্রয়োজন হইয়া থাকে।

HANCOCK'S METHOD—এই অপারেশানে রোগী চিৎ হইয়া শুইয়া থাকে, হুট্ ইনার সার্ফেস্ টেবিলের উপর শুইয়া

থাকিবে এবং সার্জন আক্রান্ত পার্শ্বের বাহিঃ দিকে দণ্ডায়মান হইবেন, এবং এক্টার্গ্যাল ম্যালিরেলিসের পশ্চাতে এবং হুই ইঞ্চ উর্কে একটা ইনসিশান্ আরম্ভ করিয়া এবং জয়েন্টের সম্মুখ ভাগের উপর দিয়া তাহা ইন্টারগ্যাল

মালিয়োলাসের উর্দ্ধে ও পশ্চাতে একটি সমান বিন্দুতে শেষ করিবেন। এই ইনসি-শানু কেবল স্বকের ভিতর দিয়া যাউন, এবং একরূপে যে ফ্লাপে দাগ দেওয়া হইবে তাহা উন্টাশিয়া বাধিবে একষ্টার্ণ্যাল ম্যালিয়োলা-সেব উপর ছুবি বসাইয়া প্রোসেসেব নিম্ন ও পশ্চাৎস্থিত অস্থির কিনারার পাশে পাশে ছুবিচা চালিত করিবে পেরোনিয়াট টেণ্ডন-গুলিকে খুলিয়া লইবে এবং একষ্টার্ণ্যাল ল্যাটাওয়াল লিগামেন্ট গুলি ছেদন করিয়া ফেলিবে। প্রায়স' দিয়া মালিয়োলাসেব এক ইঞ্চ উর্দ্ধে ফিবিউলা কাটিতে হইবে, টিবিয়ো-ফিবিউলার লিগামেন্ট বিভক্ত করিবে ও তাহাব দিকে ঘুরাইয়া লইবে, ইনাব মালিয়ো-লাসের পশ্চাদ্ভাগ হইতে পোষ্ট্রিবিয়ব্ টিবি-য়ালেব টেণ্ডন এবং পদাঙ্গুলি সকলের কমন

ফ্লেক্সুস ডিসেক্ট করিয়া সবাইয়া বাধিবে এবং বোনী এজের পাশে পাশে ইনাব মালিয়োল-সেব চাবিদিকে বেষ্টন করিয়া ছুবিচা চালাইবে ইন্টার্ণাল ল্যাটাওয়াল লিগামেন্ট পৃথক করিবে এবং ফুটেব দেলা নিম্নাভিমুখে ফিবাইয়া উণ্ডেব ভিতর দিয়া টিবিয়ার নিম্নমুখ ডিস্-লোকেট করিবে টিবিয়ার নিম্নমুখ এবং এষ্টাগেলাসের আটিকিউলাব প্রোসেস্ করাত দিয়া কাটিবে, এণ্ডোএকিলিসেব দিক হইতে কবাত চালাইবে এবং বোন ফর্সেপ্ দ্বাবা ফ্রাগ্মেন্ট সকল দূব করিবে। পীড়িত সাইনোভিয়াল্ মেমব্রেন বাহিব করিয়া ফেলিবে এবং সমস্ত সাইনাস্ ও টিউবার্কিউ-লাব স্তম্ভগুলি কিউবেট করিবে। বক্তব্যাব বোধ করিয়া টরিগেটা ও ড্রেণ করিবে। উণ্ড দেলাই করিবে, আউটার এঙ্গল হইতে



Gig. 206.
Fig. 206.—Volkmann's dorsal

splint for excision of the ankle.

ইনাব এঙ্গল পর্যন্ত একটি টিউব বসাইবে, এন্টিসেপটিক ড্রেসিং প্রয়োগ করিবে এবং স্প্লিন্ট বা পারিস্ প্রাষ্টার দ্বারা ফুটি লেগেব সহিত রাইট এঙ্গেলে অনড় করিয়া রাখিবে। এঙ্গল জয়েন্টের এক্সিশানে এষ্টাগেলাসের বিভক্ত পীড়া দেখা গেলে সমগ্র হাড়খান দূর করিবে।

EXCISION OF THE OS CALCIS.—অনু ক্যালসিসের কেবল হইলে অধিকাংশ সার্জন পেরিয়স্টিয়াম্ এবং সম্ভব হইলে স্তম্ভ অস্থির কিয়দংশ রাখিয়া দিয়া পীড়িত অংশ সমাক্রমে গাউজ করিয়া লয়েন ও ড্রেণ করেন। কোন কোন স্থলে এক্সিশান করিয়া থাকেন। অনু ক্যাল-

বিসের বিস্তৃত পীড়া ক্চিৎ দেখা যায় এবং
সেরূপ হইলে সাইমের এম্পুটেশান প্রাপ্ত

OPERATION BY SUB-PERIOSTEAL METHOD—এই অপা-

রেশান্ কবিবার সময় রোগী চিৎ হইয়া
শয়ন করিবে, তাহাব পা ছড়ান এবং ফুট
তাহাব বাহ্যংশের উপর স্তম্ভ থাকিবে।
ইন্সিশান্ অস্কালাসিসেব অপাব বর্ডাল ও
টেণ্ডো একলিসেব ভিত্তব দিকে আরম্ভ করিতে
হইবে এবং বাঁহব দিকে চালিত করিয়া
ক্যাল্‌কেনিয়ে-নাকউবযেড্ আটিকটলে-
শানেব সম্মুখে আনিতে হইবে। এই ইন্সি-
শানে টেণ্ডোএকালিস্ কাটিয়া যাঠবে ও অস্তি
বাহির হইয়া পড়িবে। পূর্বোক্ত ইন্সিশা-
নের সম্মুখ প্রান্তেব নিম্নে একটা ভাটিকাল্
ইন্সিশান্ আবস্ত করিবে, ফুটের বাহিবেব
কিনারা ও প্লাস্টার সাফেসেব উপব দিয়া
টানিয়া আনয়া অস্কালাসিসেব ইনার্
সাফেসেব নিকট তাহা শেষ করিতে হইবে।
কোন কোন সার্জন্‌ ভাটিকাল ইন্সিশান্
একটু উর্ধ্বে ডিসার্মেব অভিমুখে চালিত
কবেন। পেরিয়ষ্টিয়াম্ একটা এলিভেটার
দিয়া সম্পূর্ণরূপে ছাড়াইয়া লইয়া অস্কালা-
সিস্ বাহির করিয়া লইবে; ক্যাভিটি আয়ো-
ডোফর্ম্ গজ দ্বারা পূর্ণ করিবে, উণ্ড্ সেলাই
করিবে, পশ্চাত্তাগে একটা ড্রেণেজ্ টিউব্
বসাইবে, এবং ফুটী এণ্টিসেপ্টিক প্রেফ্রায়
ড্রেস্ করিয়া লেগের বাটট্ এক্সেলে প্লাস্টার
দ্বারা আবদ্ধ রাখিবে। ডেণের স্তম্ভ প্রাটারের
মধ্যে স্থির রাখিয়া দিতে হইবে।

EXCISION OF RIB—রিবের
কেব্রিক্ হইলে গাউজ্ দ্বারা পীড়িত অংশ

দুবীকৃত হইয়া থাকে। সময়ে সময়ে এক্সি-
শান্ প্রয়োজন হয়। বো গীকাৎ হইয়া অস্থ
পার্শ্বেব উপর শয়ান থাকিবে। রিবেব উপর
লম্বাংশে ভাবে (in the long axis of
the rib) একটা ইন্সিশান্ করিতে হইবে।
ইন্সিশান্ বোন্ পর্যন্ত যাঠবে। পেরিয়া-
ষ্টিয়াম্ পীড়িত না হইলে ইন্টার্‌ কষ্ট্যাঙ্ক
আটারী সঠিত তাহাকে সরাইয়া রাখিয়া
পীড়িত অংশের উভয় পার্শ্বে করাত
করিয়া বিভক্ত খণ্ড বাহির করিয়া লইবে।
গাউজ্ থাকিবে। সেগুলি কিউরেট্ করিবে
ও আয়োডোফর্ম্ গজ্ দ্বারা উণ্ড্ আপুরিত
করিবে। তাহার পর এণ্টিসেপ্টিক প্রথামত
ড্রেস্ করিয়া একটু বাইণ্ডার্‌ বাঁধিয়া দিবে।
পেরিয়ষ্টিয়াম্ পীড়িত হইলে ইন্টার্‌ কষ্ট্যাঙ্ক
আটারী লিগেচার্‌ করিয়া তাহা ছেদন করিবে

EXCISION OF ONE-HALF OF THE UPPER JAW.—অপরি-

য়ার ম্যাক্সিলারী অস্থিতে অথবা তাহার
এণ্টামে ম্যালিগ্নান্ট্ টিউমার্‌ হইলে এই
অপারেশান্ করিতে হয়। ইহাতে নিম্নলিখিত
যন্ত্র সকল আবশ্যিক—একটা মাউথ গ্যাগ্,
ক্যাল্‌পেল, শক্ত কাঁচি, ডিসেক্টিং, ড্রেসিং ও
হিমস্টেটিক্ ফোর্সেপ্‌, লায়ন্, টুথ্ বোন্, ও
নিক্রোমিস্ ফোর্সেপ্‌। একটা ভাল্‌স্লাম,
একখানি সরু কবাত, একটা চিসেল্ ও
ম্যালোট্, একটা পেরিয়ষ্টিয়াম্ এলিভেটার,
একখানি স্প্যাচিউলা বা মেটাল্‌ রিট্র্যাক্টার,
প্যাকিউলিনের কটারী কাটিতে বাঁধা স্পঞ্জ,
ছোট বাঁকা ও সোজা, রেশমী ও ক্যাট গাউ,
লিগেচার, লিঙ্ক্‌ ওয়ার্থ্‌ গাউ, বড় বড় বাঁকা
ছুঁচ, এবং হার্লির এণ্টিসেপ্টিক বোন্ ওয়াশ্‌।



Fig 207.

Fig 207—A B, excision of the upper jaw. C D E, excision of the lower jaw.

OPERATION BY MEDIAN INCISION—বোগীর দাড়ি গোঁপ কামাইয়া Trendelenburg পোজিশানে তাহাকে শায়িত করিবে। এক্রপ করিলে অগ্রে টেকিয়াটমী করিবার প্রয়োজন থাকিবে না। সার্জন রোগীর দিকে মুখ করিয়া তাহাব দক্ষিণ পার্শ্বে দণ্ডায়মান থাকিবেন। আক্রান্ত দিকের ইনসাইজাব দাঁতটি তুলিতে হইবে। চক্ষুর ইনার ক্যাহাসের আধ ইঞ্চি নিম্নে ইনসিশান্ আরম্ভ করিবে, এবং নাসিকার ধারে ধারে তাহার আলা বেটন করিয়া নাসাংকুর প্রান্তভাগ এবং ওষ্ঠের মধ্যভাগেব ভিতর দিয়া চালিত করিবে, ওষ্ঠ ইনসাইজ করিবার সময় সহকারী সার্জন মুখেব কোণ টিপিয়া ধরিয়া শোণিতস্রাব রোধ করিবেন। ওষ্ঠ বিভক্ত হইলে করোনারী আর্টারী চইটি অবিলম্বে বন্ধ করিবে। ইতিমধ্যে অপর একটি লহকারী উত্তর উর্দ্ধ অংশ টিপিয়া ধরিয়া থাকিবে, ওষ্ঠের সঞ্চাপ দূর করিয়া ক্লিডিং পয়েন্ট

স্থান বন্ধন করিবে। প্রথম ইনসিশানের প্রারম্ভস্থল হইতে বর্ধভাগে অক্সিটাল্ মার্জিনেব ধারে ধাবে মেলার বোনের উপর পর্যাস্ত আর একটি ইনসিশান্ করিবে। পেরিয়স্টিয়াম্ হইতে ফ্লাপ্ তুলিয়া লইবে এবং ইনফ্রা অক্সিটাল্ আর্টারী ও ক্ষুদ্র ক্ষুদ্র ভেসেল্ সমূহ হইতে শোণিতস্রাব সঞ্চাপ দ্বারা বন্ধ করিবে। অস্থি হইতে নাসিকাব কাটিলেজ্ খিল্লিষ্ট করিয়া দিবে এবং স্থপিবিয়াব ম্যাক্সিলাবীর নেজাল্ প্রোসেস্ করাত দিয়া কাটিবে। অক্সিটাল্ পেরিয়স্টিয়াম্ তুলিয়া এবং স্থপিবিয়াব্ ম্যাক্সিলাগী বোনের নেজাল্ প্রোসেস্ হইতে স্কিনোম্যাক্সিলারী ফিশার পর্যাস্ত ফর্সেপ্স্ দ্বারা অক্সিটাল্ প্রেট্ ছেদন করিবে। মেলাব বোন্ কবাত করিবে। হার্ড প্যালেটেব আচ্ছাদক কোমলাংশ সকল মিডিয়ান লাইনে ইনসাইজ্ করিবে, সেপ্টামের নিকটে নাসিকাব ফ্লোরের উপব এইকপ আব একটি ইনসিশান্ করিবে। অতঃপর একটি ট্র্যান্সভার্স কাট দ্বারা হার্ড প্যালেট্ হইতে সফ্ট্ প্যালেট্ বিভক্ত করিবে। নাসিকার ভিতব দিয়া কবাত চালাইয়া প্যালেট্ ছেদন করিবে। লায়ন ফর্সেপ্স্ দ্বারা জবোন্ ধরিয়া বাহির করিয়া ফেলিবে। কাঁচি ও বোন্ কাটার্স দিয়া স্থানে স্থানে তাহাব ছেদনের সহায়তা করিতে হইবে। শেষোক্ত দস্তা টেরীগরেড প্রোসেস্ হইতে আপারজা পৃথক করিবার নিমিত্ত প্রযুক্ত হইয়া থাকে। যে কোন ভেসেল্ দেখা যাইবে, তাহাট বন্ধন করিবে এবং এন্টিসেপ্টিক্ ওয়াশ্ দিয়া অস্থি হইতে উৎকট শোণিতস্রাব রোধ করিবে। পরম

জল সেচন ও সংকোপ বা প্যাকুটলিনেব কটাবী দ্বারা উজ্জ্বল দমন করিবে। সমস্ত পীড়িত অংশ দূরীকৃত হইয়াছে কি না, সতর্কভাবে দেখিবে। যদি না হইয়া থাকে, গাউজ্ কাঁচি, করাত বা চিসেল্ ব্যবহার করিবে। তাহাব পর, স্তম্ভ টিসু পাওয়া গেলেই নিবস্ত হইবে। আয়োডোফর্ম্ গজে উণ্ড আপু্যবত করিবে এবং গজের শেষাংশটি একরূপ কবিয়া রাখিবে যেন তাহা মুখেব ভিতর দিয়া সহজেই পাওয়া যায়। উণ্ড সেলাই করিবে (ওষ্টেব মিউকাস্ মেমব্রেণ ও বক্ ষ্টিচ্ করিবে) এবং এন্টিসেপ্টিক গজ্ দ্বারা চক্ষু বক্ষা করিবে এবং একটা বাণ্ডেজ্ প্রয়োগ করিবে।



Fig. 208.

Fig. 208.—1 Excision of the upper jaw : A. B, section the nasal process ; B c, section of the orbitation plate ; D, section of the malar bone and orbital plate ; E, section of the alveolus, and hard palate

2. Excision of the lower jaw : G, section of the inferior maxillary ; H, section of the ramus in partial resection.

EXCISION OF ONE HALF OF THE LOWER JAW—কাঁচৎ

কোনস্থলে সমগ্র ইন্ফারিয়ার ম্যাক্সিলারী বোন্ হেদিত হয়। সে সকল দোষ জন্ত উজ্জ্বল কাটিতে হয়, এই অপারেশানও সেই সকল দোষ ও কাবণ জন্ত করা হইয়া থাকে। তাহাতে যে সকল বস্ত্র আবশ্যক, ইহাতেও তৎসমস্তই ব্যবহৃত হইয়া থাকে। এই অপারেশানেও বোগীর গোঁপ দাড় কাঁচিয়া পূরোক্ত পোজ্ঞানে তাহাকে শায়িত করিবে। ওষ্টেব কিনাবাব নীচে আবস্ত করিয়া জাখের কিনাবাব নিম্ন ভাগ পর্যন্ত একটা ভাটিকাল ইন্সেশান্ বরিবে D (Fig. 207) হইতে জাখের কিনাবাব নিম্ন-ভাগ দিয়া বাহিবের দিকে একটা ইন্সেশান্ চালাইবে, D E লাইনে যেকপ প্রদর্শিত হইয়াছে, সেইরূপ রেমাসেব পশ্চাত্তাগ পর্যন্ত তাহা চালিত করিবে। এষ্টাব ফেশিয়াল্ আর্টারী বাহিব কবিয়া ছুই স্থলে বন্ধন করিবে ও ছেদন করিবে। জস্থির বাহু সাফেস্ ও বাহিবের সিম্বিসিস্ হইতে পেরিরিষ্টিয়াম্ তুলিয়া ধরিবে। শোণিতপ্রাব দমন করিবে। এল্ভিয়োলাস্ হইতে মিউকাস্ মেমব্রেণ্ কাটিতে হইবে। একটা ল্যাটারেল্ ইন্সাই-জার্স দাঁত তুলিয়া লইবে এবং লাইন G তে (Fig 208) হাড় করাত দিয়া কাটিবে। Lion Jaw ফসেপ্স্ দ্বারা হাড়খানি সজোবে ধারণ করিবে এবং বহির্ভাগে আক-র্ষণ করিয়া লইবে। মাইলো-হায়ড্রেডের ইন্-সার্শান কাটিতে হইলে ইন্টারগাল্ টেরিগ্রেড পেশী ছেদন করিবে অথবা এই স্থানেই পেরিরিষ্টিয়াম্ তুলিয়া দিবে। ইন্ফারিয়ার